KOTULPUR P.S. KOTULPUR, BANKURA, W.B.

W.B. FORM NO.

# FIRST INFORMATION REPORT

10870

First information of a cognizable crime reported under section 154 Cr. P.C., at P.S.

Dist. BANKURA Sub-Divn. BISHNUPUR P.S. KOTULPUR Year 2023 FIR No 365/23 Date 25.12.2023

2. (i) Act IPC Sections 498A/325/494/406/506/34 (ii) Act D.P. ACT Sections 3/4

(iii) Act X Sections X Other Acts & Sections X

3. (a) General Diary Reference : Entry No. 1367 Time 14:05 HRS.

(b) Occurrence of Offence : Day SINCE AFTER MARRIAGE TO LASTLY ON 15.11.2023 Date Time

(c) Information Received Date ON 25.12.2023 Time 14:05 HRS.

G.D. No. 1367 At the Police Station: KOTULPUR.

4. Type of information : Written / ~~Oral~~ WRITTEN.

5. Place of Occurrence : (a) Direction and Distances from P.S.

b) Address VILL- GARMANDARAN, PS- GOGHAT, DIST- HOOGHLY.

(c) In case outside Limit of this Police Station, then the name of P.S.

District

6. Complaint/Informant :

(a) Name ROJINA BEGAM

(b) ~~Father's~~ / Husband's Name SK. ABBAS ALI

(c) Date / Year of Birth NOT NOTED

(d) Nationality INDIAN

(e) Address A/P- C/O- MANUYAR ALI SHA OF VILL- POALGERE, PO- DEOPARA, PS- KOTULPUR, DIST- BANKURA.

7. Details of know / Suspected / Unknown / Accused with Full particulars. (Attach separate sheet, if necessary) 1. SK. ABBAS ALI S/O- SK. ATAHAR ALI, 2. SK. ATAHAR ALI S/O- LATE- SK. MANOHAR ALI, 3. AISUK BIBI W/O- SK. ATAHAR ALI ALL ARE VILL- GARMANDARAN, 4. RINA BIBI W/O- NASIB ALI SHA, 5. NASIB ALI SHA S/O- KINUR ALI SHA BOTH OF VILL- UTTAR SANTIYA, 6. REHANA BIBI W/O- SK. AKTAR ALI, 7. SK. AKTAR ALI S/O- SK. ANSAR ALI BOTH OF VILL- BHABUSE, PASCHIM PARA, ALL ARE PS- GOGHAT, DIST- HOOGHLY.

8. Reasons for delay in reporting by complaint / informant

9. Particulars of properties stolen / Involved : (attach separate sheet, if required) STRIDHAN ARTICLES.

10. Total value of Properties stolen / Involved : ASCERTAIN DURING INVESTIGATION.

11. Inquest report / U.D. : Case No., if any : N/A.

12. FIR Contents : (Attach separate sheet, if required) THE ORIGINAL WRITTEN COMPLAINT OF THE COMPLAINANT WHICH IS TREATED AS FIR IS ATTACHED HERE WITH.

13. Action taken : Since the above report reveals commission of offence (s) u/s 498A/325/494/406/506/34 IPC. & 3/4 DP ACT.

registered the case and ~~took up the investigation~~ / directed ASI- SHIBSANKAR CHATTERJEE. OF KOTULPUR P.S. to take up the investigation on point of jurisdiction. FIR read over to the complaint / informant transferred to P.S. admitted to be correctly recorded and a copy given to the complaint / Informant free of cost.

25.12.23

Signature of the officer-in-charge, Police Station with

Name : SHUBHASHIS HALDER

Rank : INSPECTOR OF POLICE

Number if any : INCHARGE OF KOTULPUR P.S.

Officer-in-charge Kotulpur P.S. Dist.-Bankura

Signature / Thumb Impression of the Complainant / Informant

টু,

দি ও.সি. কোতুলপুর পি.এস.

কোতুলপুর, বাঁকুড়া।

মাননীয় মহাশয়,

আপনার নিকট আমার কাতর আবেদন এই যে, আমি রোজিনা বেগম, স্বামী- সেখ আব্বাস আলি, হাল সাং -পুযত্নে পিতা- মানুয়ার আলি শা, সাং - পোয়ালগেড়ে, পো:- ছেওপাড়া, থানা- কোতুলপুর, জেলা -বাঁকুড়া, আপনাকে জানাইতেছি যে, গোঘাট থানা এলাকার গড়মান্দারণ গ্রামের সেখ আতাহার আলি এর পুত্র সেখ আব্বাস আলির সহিত আমার গত ইং -২১।৫।২০১৬ তারিখে ২৫০০।- টাকা দেন মোহর ধার্য্যে কাবিল নামা রেজিষ্ট্রী এবং মুসলীম ধর্মের যাবতীয় আচার অনুষ্ঠানাদি পালন করিয়া বিবাহ হয়। বিবাহের সময় আমার স্বামী ও শ্বশুর বাড়ির লোকজনদের দাবি মতো আমার পিতা নগদ ৮০,০০০।- টাকা, আট ভরি সোনার গহনাদি, খাট, আলমারি, বিছানাপত্র, সহ ষোল দানসামগ্রী এবং আমার স্বামীর জন্য ✗ ১ ভরি ওজনের সোনার আংটি বহুকষ্টে ধার দেনা করিয়া আদায় দিতে বাধ্য হন। বিবাহের পর আমি আমার শ্বশুরালয়ে যায়। তথায় যাইয়া স্বামী-স্ত্রী রূপে ঘর - সংসার করিতে শুরু করি। ঘর সংসার করিবার কালীন প্রথম থেকেই আমার স্বামী ও শ্বশুর বাড়ির লোকজন সাংসারিক খুটিনাটি বিষয়কে কেন্দ্র করিয়া আমাকে নানান ভাবে কোটু কথা শোনাইতে শুরু করে দেয়। আমি নববধূ হওয়ায় সমস্ত কিছু মুখ বুজিয়া সহ্য করিতে থাকি। ঘর সংসার করাকালীন আমি জানিতে পারি আমার সহিত বিবাহের পূর্বেই আমার স্বামীর রুবিনা নামক মহিলার সহিত বিবাহ হইয়াছিল পরবর্তীতে রুবিনা পাঁচ মাসের অন্ত:স্বত্ত্বা থাকা অবস্থায় তাকে বাড়ি থেকে তাড়াইয়া দেন। উক্ত বিষয়ে আমাকে ✗ ও আমার পরিবারবর্গকে গোপন করিয়া আমাকে বিবাহ করেন। উক্ত বিষয়ে জানিতে পারিয়া আমি সম্পূর্ণ মানসিক ভাবে ভাঙিয়া পড়িলেও

Received complaint on 25.12.2023 at 14:05 hrs and started Kotulpur PS case No- 365/2023 dt- 25.12.2023 u/s- 498A/325/494/406/506/34 IPC & 3/4 DP Act.

25.12.23

Officer-in-charge Kotulpur P.S. Dist. Bankura

সমস্ত মানিয়া লইয়া সংসার করিতে থাকি। এমতাবস্থায় আমি সংসার করিবার কালীন আমি আমার স্বামীর ঔরষে একটি কন্যা সন্তান আসমা খাতুন এর জন্ম দিই। কন্যা সন্তানের জন্ম দিয়েছি এই অজুহাতে আমাকে আমার বাপের বাড়ি থেকে অতিরিক্ত যৌতুক বাবদ ১,০০,০০০।- টাকা এনে দেবার জন্য চাপ দেয়। আমি টাকা আনিয়া দিতে অস্বীকার করিলে তাহার পর হইতেই আমার উপর মারধর অত্যাচার চালাইতে শুরু করে। আমাকে ঠিক ভাবে খেতে পর্যন্ত দিত না, কথায় কথায় পিতা মাতা তুলিয়া অশ্লীল মন্তব্য করিত। আমাকে দিয়া বাড়ির সমস্ত কাজ কর্ম করাইত। আমি তবুও ভবিষ্যত সুখের কথা চিন্তা করিয়া কোন প্রতিবাদ না করিয়া সমস্ত অত্যাচার মুখ বুজে সহ্য করিতে থাকি। এমতাবস্থায় ঘর সংসার করিবার কালীন আমি একটি পুত্র সন্তান সেখ রিয়াজ আলি বয়স ৪ বছর এর জন্ম দিই। পুনরায় সন্তান জন্মানোর পর আমার স্বামী ও শ্বশুর বাড়ির লোকজন আমার উপর অকথ্য অত্যাচার শুরু করে। আমার স্বামী আমাকে মারধর গালিগালাজ করার সময় আমার শিশু কন্যাকেও মারধর করত। আমার ননদ নন্দাইরা সব সময় আমার স্বামীকে আমার উপর মারধর করিবার জন্য প্ররোচনা দিত। আমার স্বামী শ্বশুর বাড়ির নিম্ন লিখিত লোকজন আমাকে অতিরিক্ত যৌতুকের দাবিতে একদিন বিকাল ৫ টার সময় আমাকে মারধর করে আমাকে মারিয়া ফেলিবার জন্য আমার গলায় দড়ি দিয়ে আমাকে পাখায় ঝুলিয়ে দেয়। আমার বড়ো মেয়ে দেখতে পেয়ে চিৎকার করে ~~উঠতে~~ পাশাপাশি লোকজন আসিয়া আমাকে প্রায় মৃত অবস্থায় উদ্ধার করে। পুলিশ জানতে পেরে যাবার ভয়ে আমাকে কোন স্থানীয় হসপিটালে না দিয়ে গিয়ে স্থানীয় কোয়াক ডাক্তারের দ্বারা প্রাথমিক চিকিৎসা করায়। ঘটনার বিষয় আমার বাপের বাড়ির লোক জানতে পারার পর আমার শ্বশুর বাড়িতে এসে আমার স্বামী শ্বশুর শাশুড়ির হাতে পায়ে ধরে আমাকে নিয়ে সুখে শান্তিতে

ঘর সংসার করিবার অনুরোধ করে আসে। তা সত্ত্বেও উহাদের ব্যবহারের কোন পরিবর্তন হয় নাই। এমতাবস্থায় গত ইং -১০।৮।২৩ তারিখ আমার স্বামী, শ্বশুর, শ্বাশু-রি, ননদ, নন্দাইরা মিলিত হয়ে আমাকে আমার বাপের বাড়ী থেকে ১,০০,০০০।- টাকা এনে দেবার জন্য বলে। আমি আমার বাবার পক্ষে আর কোন টাকা দেওয়া সম্ভব নহে জানালে ওরা আমাকে মারধর করিয়া আমাকে প্রানে শেষ করিয়া দিবার উদ্দেশ্যে আমার মুখে বালিশ চাপা দিয়ে মেরে ফেলার চেষ্টা করছিল। আমি ছাড়ানোর জন্য আপ্রান চেষ্টা করছিলাম। আমার সন্তানরা চিৎকার করে কান্নাকাটি করতে থাকলে প্রতিবেশী লোকজন ঐ দিনও আমাকে প্রানে বাচায়। ঐ দিনই আমার স্বামী ও শ্বশুর বাড়ির লোকজন আমার সমস্ত স্ত্রীধন সম্পত্তি আটকাইয়া রাখিয়া সম্পূর্ণ এক কাপড়ে সন্তান সহ বের করে দিলে আমি বাধ্য হয়ে আমার শিশু কন্যাদের নিয়ে আমার বাপের বাড়িতে আশ্রয় নিয়েছি, তাহার পর হইতে আমি সংসার জীবনের কথা চিন্তা করিয়া বহুবার উক্ত বিষয়ের মিমাংসা করিয়া লইবার প্রচেষ্টা করিলেও কোন লাভ বা সুরাহা হয় নাই। অতঃপর গত ইং -৫।১১।২৩ তারিখে আমার স্বামী উকিলবাবু মারফৎ সম্পূর্ণ মিথ্যা উক্তি মূলে আমাকে একটি পত্র প্রেরন করে। পত্র পাইবার পর আমি গত ইং -১৫।১১।২৩ তারিখে আমার শ্বশুরালয়ে যাইলে আমার স্বামী ও শ্বশুর বাড়ির লোকজন ঘরে ঢুকতে পর্য্যন্ত দেয় নাই। বলতে থাকে যে সে আর আমার সহিত সংসার করিতে চাহে না, ডির্ভোসের দাবি করিতে থাকে। এবং আমাকে অশ্লীল ভাষায় গালিগালাজ দিতে দিতে দূর দূর করিয়া তাড়াইয়া দেয়। আমাকে তাড়াইয়া দেবার পর হইতে আমার স্বামী ও শ্বশুর বাড়ির লোকজন আমার কোনরূপ খোঁজ খবর লয় নাই। ফলে বাধ্য হইয়া আমি মানসিক যন্ত্রনার মধ্য দিয়া দীন গুজরান করিতেছি।

এক্ষনে মহাশয় এর নিকট কাতর আবেদন যাহাতে আমার উপর এহেন নির্মম অত্যাচার করিবার জন্য সকল বধূ নির্য্যাতন কারীগণ যথাযথ আইনানুগ সাজা পায় এবং আমার সমস্ত স্ত্রীধন সম্পত্তি উদ্ধার হয় তাহার সুবন্দোবস্ত করিয়া বাধিত করিবেন।

সকল বধূ নির্য্যাতন কারী ব্যক্তিগণের নাম ও ঠিকানা:-

---

১। সেখ আব্বাস আলি, পিতা- সেখ আতাহার আলি
২। সেখ আতাহার আলি, পিতা- মৃত সেখ মনোহর আলি
৩। আইসুক বিবি, স্বামী- সেখ আতাহার আলি,
সর্ব সাং -গড়মান্দারণ, থানা- গোঘাট,
৪। রীনা বিবি, স্বামী- নসিব আলি সা,
৫। নসিব আলি সা, পিতা- কিনুর আলি সা
সাং -উত্তর সাঁইতিয়া,
৬। রেহানা বিবি, স্বামী- সেখ আখতার আলি,
৭। সেখ আখতার আলি, পিতা- সেখ আনসার আলি,
সর্ব সাং -ভাবুসে, পশ্চিমপাড়া,
সর্ব থানা- গোঘাট, জেলা -হুগলী।

উপরের লিখিত বিবরণ সকল আমার কথা মত লেখা হইয়াছে।

ইতি- রোজিনা বেগম

9732698203
9775905331